



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জমাকৃত অভিযোগ ও নিষ্পত্তি ব্যবস্থা

স্মারক নং- ঢাশিবো/বি/এপিএ/অভি:/৮৪৩

তারিখ- ৩০/১১/২০২১

বিগত ০১/১১/২০২১ হতে ৩০/১১/২০২১ পর্যন্ত ০৩ টি অভিযোগ পাওয়া যায় এবং সেগুলো নিষ্পত্তি করা হয়।

অভিযোগ-১

প্রতিষ্ঠানের নাম: সমিতির হাট এ, কে মাধ্যমিক বিদ্যালয়, কালকিনি, মাদারীপুর।

অভিযোগকারীর নাম: সমিতির হাট এ, কে মাধ্যমিক বিদ্যালয়-এর কতিপয় ছাত্র ও অভিভাবকবৃন্দ।

প্রাপ্ত অভিযোগ: অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক নানা অনিয়ম ও দুর্নীতি যেমন, বিদ্যালয়ের দেয়াল নির্মানের নামে অর্থ আত্মসাৎ, বিদ্যালয়ের শিক্ষকদের বেতন নিয়ে নানা অভিযোগ, অন্য শিক্ষকদের তাকা কর্তন করে কমিটির মধ্যে ভাগাভাগি, ইত্যাদি। সম্প্রতি নতুন কমিটির সিদ্ধান্তের প্রনয়নের সময় প্রধান শিক্ষক বরাবরের মতো অনিয়ম করেছে। যেমন, এডহক কমিটির নাম আগেই পাঠানোর কথা থাকলেও তিনি পাঠাননি। এলাকার জনগনের মতেসভাপতি পদের জন্য দুজন উপযুক্ত প্রার্থী থাকা স্বত্বেও প্রধান শিক্ষক তাদ্র নাম কমিটিতে রাখতে ভয় পান। এখানে উল্লেখ্য, বর্তমান প্রধান শিক্ষক এবং প্রাক্তন সভাপতি মোহাম্মদ আবুল হাসনাত পলিন সরদার (২০১৭-২০২১) এক সাথে মিলে স্কুলের সকল ধরনের দুর্নীতির সাথে জইত ছিলেন।

গৃহীত ব্যবস্থা: উক্ত বিষয়টি নিষ্পত্তি করার জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিকে বিষয়টি সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

অভিযোগ-২:

প্রতিষ্ঠানের নাম: উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা-১২৩০।

অভিযোগকারীর নাম: মো: শফিকুল ইসলাম, প্রদর্শক (রসায়ন), উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা।

প্রাপ্ত অভিযোগ: মো: শফিকুল ইসলাম সাময়িক বরখাস্ত থাকাকালীন সময়ে বিধি মোতাবেক কোন খোরপোষ ভাতা পাননি। সে মোতাবেক মহামান্য হাইকোর্ট সম্পূর্ণ বেতন ভাতা প্রদান করার নির্দেশ দিলেও প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কোন বেতন-ভাতা প্রদান করেননি। পরবর্তীতে গত ২৫/০৯/২০১৮ তারিখের বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক মো: শফিকুল ইসলাম কে সমুদয় বকেয়া বেতন-ভাতা পরিশোধ সহ স্বপদে পুনর্বহালের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। স্বপদে পুনর্বহাল করা হলেও অধ্যবধি প্রাপ্য বকেয়া বেতন-ভাতা পরিশোধ করা হয় নি।

গৃহীত ব্যবস্থা: উক্ত বিষয়টি নিষ্পত্তি করা হয়। সিদ্ধান্ত মোতাবেক ০১/০৭/২০১৭ তারিখ থেকে ৩১/১০/২০১৮ তারিখ পর্যন্ত বরখাস্তকালীন সময়ের বেতন ভাতা অত্র বোর্ডের ২৬৫/ক/অনু/০৯(অংশ-১)/১৪১১ নং পত্রের আলোকে পত্র ইস্যুর তাখি হতে আগামী ১০ (দশ) দিনের মধ্যে পরিশোধ করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের জমা দেয়ার নির্দেশক্রমে অনুরোধ করা হয়।

অভিযোগ-৩:

প্রতিষ্ঠানের নাম: উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা।

অভিযোগকারীর নাম: মো: আলাল হোসেন, সিনিয়র সহকারী শিক্ষক (ইংরেজী), উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা।

প্রাপ্ত অভিযোগ: ক। বিদ্যালয়ের প্রয়োজনে ব্যয়কৃত কিন্তু প্রদর্শন যোগ্য নয় এমন ব্যয় সমন্বয় করনের একটি প্রাসঙ্গিক ব্যয় ভাউচারে আমার স্বাক্ষর থাকার কারণে গত ২৬/০২/২০১৭

তারিখে মো: আলাল হোসেন (সিনিয়র সহকারী শিক্ষক) সাময়িক বরখাস্ত করা হয়। যদিও উক্ত ব্যয় বাউচারে মো: আলাল হোসেনের স্বাক্ষর প্রদান এবং ব্যয় করা পুরো অর্থের দায়-দায়িত্ব ব্যয়কালীন প্রধান শিক্ষক লিখিত ভাবে নিজ দায়িত্ব নিয়ে মো: আলাল হোসেন কে দায় মুক্তি দিয়ে প্রত্যায়ন পত্র প্রদান করেছেন।

খ। ব্যয় কালীন প্রধান শিক্ষকের নিজ হাতে লেখা এবং তারস্বাক্ষরিত উক্ত প্রত্যায়ন পত্র আমলেনা নিয়ে মো: আলাল হোসেন কে গত ২৭/০৯/২০১৭ তারিখের পত্রাদেশ দ্বারা ২৩/০৯/২০১৭ তারিখে চূড়ান্ত বরখাস্ত করা হয়।

গ। অতপর আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সভার সিদ্ধান্তের জন্য মো: আলাল হোসেন আবেদন করলে চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদনের জন্য সংশ্লিষ্ট তথ্য প্রমাণ বোর্ডে প্রেরণের জন্য প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষকে পত্রা দেম প্রদান করা হয়।

ঘ। মো: আলাল হোসেনের আনীত অভিযোগটি আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে প্রদান করতে ব্যর্থ হলে ০৩ (তিন) দিনের মধ্যে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর সাথি যোগাযোগ করতে বলা হয়।

ঙ। অতপর মো: আলাল হোসেন উপস্থিত হলে সাময়িক বরখাস্ত কালীন ও বরখাস্ত কালীন সময়ের বেতন-ভাতা দাবী করেত পারবোনা এরুপ কিছু লিখিত স্ট্যাম্পে স্বাক্ষর করিয়ে নিয়ে বিদ্যালয়ে যোগদান করান।

উল্লেখ্য যে, গভনিং বডির যে, রেজুলেশনের সিদ্ধান্তে মো: আলাল হোসেন কে পুন: বহাল করানো হয় এবং ২৩/০৮/২০১৮ তারিখের রেজুলেশনে সাময়িক বরখাস্ত কালীন ও বরখাস্ত কালীন সময়ে বকেয়া বেতন-ভাতা পরিমোধ করা হবে না মর্মে বা দাবী করতে পারবেনা মর্মে সিদ্ধান্ত নেই।

চ। শিক্ষা মন্ত্রনালয়ের স্বারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪, তারিখ মোতাবেক কোন শিক্ষককে ৬০ দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা হলে। তিনি বেতন ও অন্যান্য বাতা সমুদয় প্রাপ্য হবেন। ১৯ মাস ২৮ দিন হওয়ায় এবং এ মেয়ে মো: আলাল হোসেন কে ব্যাবসিসটেল এলাউল বাবদ কোন অর্থ পরিশোধ করা হয়নি।

গৃহীত ব্যবস্থা: উক্ত বিষয়টি নিষ্পত্তি করা হয়। ঢাকা মহানগরীর উত্তরায় অবস্থিত উত্তরা হাই স্কুল এন্ড কলেজ এর সিনিয়র সহকারী শিক্ষক (ইংরেজি) জনাব মো: আলাল হোসেন-এর ০১/০৩/২০১৭ তারিখ হতে ২৩/১০/২০১৮ তারিখ পর্যন্ত বরখাস্তকালীন সময়ের বেতন ভাতা পরিশোধ করার জন্য বোর্ডের ২১/১১/২০২১ তারিখের স্মারক নং- ২৬৫/ক/অনু/০৯(অংশ-১)/২৬৮ এর মাধ্যমে অনুরোধ করে নিষ্পত্তি করা হয়।



প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিদ্যালয় পরিদর্শক
অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রণয়ন কমিটি
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।